# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 08-04-2026** **Time : - 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের সব পর্যবেক্ষকের সঙ্গে বৈঠক করছে নির্বাচন কমিশন। #এদিকে কমিশন, পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ এবং হিংসা ও ভয়মুক্ত নির্বাচন সুনিশ্চিত করার আশ্বাস দিয়েছে, তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দলকে।

২/ বিজেপি, তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জির বিরুদ্ধে 'নির্বাচনী আচরণবিধি' ভঙ্গের অভিযোগ জানিয়েছে। # কলকাতা বন্দরের প্রার্থী হিসেবে বিজেপি আজ রাকেশ সিং-এর নাম ঘোষণা করেছে।

৩/ রাজ্যে বিধানসভা ভোটের দিন এগিয়ে আসার সঙ্গেই প্রচারাভিযান জমে উঠেছে। #চলেছে মনোনয়ন দাখিলের কাজ'ও। #তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ আজ ভবানীপুর কেন্দ্রে তাঁর মনোনয়ন পত্র পেশ করেছেন।

৪/ রিজার্ভ ব্যাঙ্ক RBI, ঋণের ওপর সুদের হার পাঁচ দশমিক দুই/পাঁচ শতাংশেই অপরিবর্তিত রেখেছে।
৫/ সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর প্রয়াণ বার্ষিকীতে আজ নানা অনুষ্ঠানে তাঁর স্মৃতি তর্পণ করা হচ্ছে।

৭/ দক্ষিণবঙ্গের বহু জেলাতে আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

*************************************************************************

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের সব পর্যবেক্ষকের সঙ্গে বৈঠক করছে নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ-এর ডাকা ওই বৈঠকে পর্যবেক্ষকদের কাজকর্ম নিয়ে বিস্তারিত আলোচনা হওয়ার কথা। পর্যবেক্ষকদের কাছ থেকে সরাসরি রিপোর্ট নিয়ে পরবর্তী কৌশল নির্ধারণ করতে পারেন মুখ্য নির্বাচন কমিশনার।

উল্লেখ্য, এবার রাজ্যে প্রতিটি বিধানসভার জন্য একজন করে সাধারণ পর্যবেক্ষক নিয়োগ করেছে কমিশন। পাশাপাশি পুলিশ পর্যবেক্ষকের সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বাড়ানো হয়েছে। সাধারণত একটি পুলিশ জেলা বা কমিশনারেট পিছু একজন পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করা হয়। তবে এবার সেই সংখ্যা দ্বিগুণেরও বেশি করা হয়েছে বলে কমিশন সূত্রে খবর।

এদিকে, রাজ্যের বহু বুথে পর্যাপ্ত পরিকাঠামো না থাকায় অসন্তোষ প্রকাশ করে নির্বাচন কমিশন, প্রতিটি জেলায় একজন করে সচিব পদমর্যাদার আধিকারিক নিয়োগ করতে নির্দেশ দিয়েছে। তারা সরাসরি বুথের পরিকাঠামো খতিয়ে দেখবেন। সংশ্লিষ্ট জেলাগুলিতে বুথ পরিদর্শনের পর কোথায় কী ঘাটতি রয়েছে, তা চিহ্নিত করে দ্রুত সমস্যার সমাধান করবেন। ভোটের আগে সমস্ত বুথে ন্যূনতম পরিকাঠামো নিশ্চিত করতেই এই পদক্ষেপ। রাজ্য সরকারকে একাধিকবার নির্দেশ দেওয়া সত্ত্বেও সেই কাজে যথেষ্ট উদ্যোগ নেওয়া হয়নি বলে অভিযোগ।

*************************************************************************

পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ এবং হিংসা ও ভয়মুক্ত নির্বাচন সুনিশ্চিত করার আশ্বাস দিয়েছে নির্বাচন কমিশন। তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ নতুন দিল্লিতে কমিশনের সঙ্গে দেখা করে। তারপরেই সামাজিক মাধ্যমে নির্বাচন কমিশনের পক্ষ থেকে একথা জানানো হয়। বুথ জ্যাম বা রিগিং-এর মতো কোনোরকম ঘটনাও এবারের নির্বাচনে হবে না বলেও কমিশন স্পষ্ট জানিয়েছে।

এর আগে তৃণমূল কংগ্রেসের ওই প্রতিনিধি দল, পশ্চিমবঙ্গে নির্বাচনী প্রক্রিয়ায় নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিয়ে আশঙ্কা প্রকাশ করে কমিশনের কাছে এক স্মারকলিপি জমা দেন। প্রতিনিধি দলে ছিলেন, ডেরেক ও'ব্রায়েন, সাগরিকা ঘোষ, সাকেত গোখলে ও মেনকা গুরুস্বামী। স্মারকলিপি-তে আরো বলা হয়েছে, ভোট পরিচালনায় নিরপেক্ষতা ও স্বচ্ছতার অভাব, গণতান্ত্রিক এই প্রক্রিয়ার প্রতি নাগরিকদের বিশ্বাসযোগ্যতাকে সরাসরি প্রভাবিত করে। এই ধরণের আশঙ্কা ও উদ্বেগ নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে দ্রুত স্বচ্ছ ও নিরপেক্ষ ব্যবস্থা গ্রহণের জন্য'ও তৃণমূল কংগ্রেস কমিশনের প্রতি আর্জি জানিয়েছে।

*************************************************************************

বিজেপি, তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জির বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি ভঙ্গের অভিযোগ জানিয়েছে। দলের নেতা শিশির বাজোরিয়া আজ মুখ্য নির্বাচন কমিশনারকে চিঠি দিয়ে অভিযোগ করেন,সম্প্রতি পূর্ব বর্ধমানের রায়নাতে এক জনসভায় অভিষেক ব্যানার্জি দলীয় কর্মীদের উদ্দেশে প্রথম দফার ভোটে বিজেপি কর্মীদের মাথা, ঘাড় এবং দ্বিতীয় দফার ভোটে ঘাড় ও মেরুদন্ড ভেঙে দেওয়ার নির্দেশ দিয়েছেন। শ্রী বাজোরিয়া বলেন, এই ধরনের বক্তব্য আদর্শ আচরণ বিধির পরিপন্থী। অবাধ ও সুষ্ঠু নির্বাচন পরিচালনার ক্ষেত্রে তা' ক্ষতিকারক এবং হিংসায় প্ররোচনামূলক। এর আগেও ২০২১ সালে তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির উস্কানিতে নজিরবিহীনভাবে রাজ্যে ভোট পরবর্তী হিংসা ঘটেছিল। এর ফলে বহু বিজেপি কর্মীর মৃত্যু ও ঘর ছাড়া হতে হয়। মহিলাদের ওপর নির্যাতন করা হয়েছে বলেও তাঁর অভিযোগ।

*************************************************************************

এদিকে, বিজেপি, পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের জন্য ষষ্ঠ তালিকা প্রকাশ করেছে। এই তালিকা অনুসারে রাকেশ সিং কলকাতা বন্দর থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচন হবে দুই দফায়। ২৩শে এপ্রিল প্রথম দফা এবং ২৯শে এপ্রিল দ্বিতীয় দফায় ভোট গ্রহণ।

*************************************************************************

আসন্ন বিধানসভা নির্বাচনে বুথে বুথে কড়া নজরদারি চালাতে পূর্ণ প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। ভোট চলাকালীন প্রত্্যেক মুহূর্তের পরিস্থিতির ওপর নজর রাখতে ইতোমধ্যেই অত্যাধুনিক কন্ট্রোল রুম তৈরি করা হয়েছে। ৯০টি অত্যাধুনিক টিভি স্ক্রিনের সামনে বসে ২০০ জন মাইক্রো অবজার্ভার সর্বক্ষণ নজরদারি চলাবেন। বুথের ভিতর-বাইরের পাশাপাশি এলাকার গুরুত্বপূর্ণ রাস্তা এবং নাকা চেকিং পয়েন্টেও নজর রাখা হবে।

*************************************************************************

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে ভোটের দিন পোলিং এজেন্টদের বুথের ভিতরে বসতে দেওয়া হবে না বলে যে খবর ছড়িয়েছে নির্বাচন কমিশন তা খারিজ করে দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জারি করা বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এ ধরনের কোনও নতুন নির্দেশিকা জারি করেনি কমিশন। ফলে পোলিং এজেন্টদের বসার ক্ষেত্রে আগের নিয়মই বহাল থাকবে।

কমিশনের দাবি, সংবাদ মাধ্যমের একাংশে এই ভুয়ো বার্তা ছড়ানো হচ্ছিল। সেই কারণেই বিষয়টি পরিষ্কার করে জানানো হল।

*************************************************************************

রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচনে, ১৫২ টি আসনের জন্য ২ হাজার ৩০৪ টি মনোনয়ন জমা পড়েছে। প্রাথমিকভাবে প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন এক হাজার ৫৮৬ জন। জমা পড়া মনোনয়নপত্রগুলি গতকাল পরীক্ষা করে দেখা হয়। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন আগামীকাল ৯ তারিখ পর্যন্ত। ২৩ শে এপ্রিল এই দফায় ভোট নেওয়া হবে ।

দ্বিতীয় দফায় ১৪২ টি আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার কাজ জোরকদমে চলেছে। আগামীকাল পর্যন্ত এই প্রক্রিয়া চলবে। পরদিন- শুক্রবার সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩’ই এপ্রিল। এই দফায় ভোট নেওয়া হবে ২৯শে এপ্রিল।

*************************************************************************

রাজ্যে বিধানসভা ভোটের দিন এগিয়ে আসার সঙ্গেই প্রচারাভিযান জমে উঠেছে ।

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে আগামীকাল রাজ্যে আসছেন। পূর্ব মেদিনীপুরের হলদিয়ায়, পশ্চিম বর্ধমানের আসানসোল এবং বীরভূমের সিউরিতে দলীয় প্রার্থীদের সমর্থনে তিনটি জনসভা করবেন তিনি।

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে আজ উত্তরবঙ্গে। আলিপুরদুয়ারে জনসভায় বক্তব্য রাখার পাশাপাশি, নাগরাকাটায় চা শ্রমিকদের সঙ্গে বৈঠকের কর্মসূচী রয়েছে তাঁর। এছাড়াও ময়নাগুড়িতে রোড-শো ও শিলিগুড়িতে দলের সাংগঠনিক বৈঠকে যোগ দেবেন ।

এদিকে, কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং সেখাওয়াত আজ নাগরাকাটায় বিজেপির কর্মীসভায় যোগ দেন। দলীয় প্রার্থীর সমর্থনে আয়োজিত ওই সভায় তিনি বলেন, পশ্চিমবঙ্গে এবার পরিবর্তন নিশ্চিত। বিজেপি সরকার ক্ষমতায় এলে, চা বাগানগুলির উন্নয়নের পাশাপাশি, বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প'ও বাস্তবায়িত হবে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আরামবাগে এক জনসভায় কেন্দ্রের সমালোচনা করেন। কেন্দ্রীয় সরকার টাকা না দেওয়া সত্ত্বেও তাঁরা গ্রামীণ আবাস সহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প চালিয়ে যাচ্ছেন বলে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান। ( বাইট- মমতা )

*************************************************************************

এর আগে মমতা ব্যানার্জি আজ ভবানীপুর কেন্দ্র থেকে মনোনয়ন পেশ করেন। কর্মী সমর্থকদের নিয়ে পায়ে হেঁটে মিছিল করে আলিপুরে প্রার্থীপদ পেশ করেন তিনি।

মনোনয়ন জমা দেওয়ার পর তৃণমূল কংগ্রেস নেত্রী বলেন, তাঁর দলই আবার সরকার গড়বে। ভোটার তালিকা থেকে বেশ কিছু নাম বাদ পড়া নিয়ে'ও উদ্বেগ প্রকাশ করেন তিনি।

এদিকে, ভবানীপুর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, ২০২১-এর বিধানসভা নির্বাচনে নন্দীগ্রামের মতোই এয়াবারের ভোটেও মমতা ব্যানার্জি ভবানীপুর আসনে তাঁর কাছে পরাজিত হবেন। তিনি আজ বেহালায় এক জনসভায় ভাষণ দিচ্ছিলেন।

( বাইট- শুভেন্দু )

*************************************************************************

রিজার্ভ ব্যাঙ্ক RBI, ঋণের ওপর সুদের হার পাঁচ দশমিক দুই/পাঁচ শতাংশেই অপরিবর্তিত রেখেছে। RBI-এর গভর্নর সঞ্জয় মালহোত্রা আজ ২০২৬/২৭ আর্থিক বছরের প্রথম দ্বিমাসিক মুদ্রানীতি ঘোষণা করে একথা জানান।

তিনি বলেন, মুদ্রানীতি সংক্রান্ত কমিটি, সর্বসম্মতভাবে রেপো রেট অর্থাৎ যে হারে RBI অন্য ব্যাঙ্কগুলিকে ঋণ দেয়, তা' পাঁচ দশমিক দুই/পাঁচ শতাংশেই থাকবে বলে সিদ্ধান্ত নিয়েছে।

( বাইট- RBI সঞ্জয় )

এছাড়া, স্ট্যান্ডিং ডিপোসিট ফেসিলিটি রেট'ও পাঁচ শতাংশ থাকছে, অন্যদিকে মার্জিনাল স্ট্যান্ডিং ফেসিলিটি রেট ও ব্যাঙ্কের সুদের হার সাড়ে পাঁচ শতাংশ রাখা হয়েছে।

RBI-এর গভর্নর জানান, মুদ্রানীতি কমিটি, গত আর্থিক বছরের GDP-র বিকাশ হার সাত দশমিক ছয় শতাংশ থাকবে বলে পূর্বাভাস দিয়েছিল। চলতি আর্থিক বছরে তা' ছয় দশমিক নয় শতাংশ থাকার পূর্বাভাস রয়েছে। বর্তমান আর্থিক বছরে উপভোক্তা মূল্যসূচক ভিত্তিক মুদ্রাস্ফীতি বা CPI, চার দশমিক ছয় শতাংশে থাকবে বলেও RBI আভাস দিয়েছে। শ্রী মালহোত্রা বলেন, পশ্চিম এশিয়া সংঘাতের প্রেক্ষিতে জ্বালানির দাম বাড়া এবং সম্ভাব্য 'এল নিনো' পরিস্থিতি, মুদ্রাস্ফীতি বৃদ্ধির ঝুঁকি আর তা' বাড়িয়ে দিয়েছে।

**************************************************************************

সুপ্রিমকোর্টের নির্দেশের পরেও এখনো শিক্ষক /শিক্ষিকাদের সম্পূর্ণ ডিএ দেয়নি রাজ্য সরকার। এই পরিস্থিতিতে গত সপ্তাহে নির্বাচনের কাজে ব্যস্ত থাকা রাজ্য সরকারের এক কর্মীকে যিনি সংগ্রামী যৌথ মঞ্চের সদস্য তাকে আক্রমণ করা হয়। ঘটনার প্রতিবাদে আগামী রবিবার ১২'ই এপ্রিল ভবানীপুরে শান্তিপূর্ণ প্রতিবাদ জানাতে চায় সংগ্রামী যৌথ মঞ্চ। কিন্তু পুলিশ অনুমতি দিচ্ছে না। একইসঙ্গে নির্বাচন কমিশনকে জানানো হলেও তারা এই বিষয়ে কোনো উচ্চবাচ্য করেনি। বাধ্য হয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ সংগ্রামী যৌথ মঞ্চ।বিচারপতি সৌগত ভট্টাচার্য মামলা দায়ের করার অনুমতি দিয়েছেন।

**************************************************************************

সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর প্রয়াণ বার্ষিকীতে আজ নানা অনুষ্ঠানে তাঁর স্মৃতি তর্পণ করা হচ্ছে। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, সমাজ মাধ্যমের এক বার্তায় বঙ্কিমচন্দ্র–এর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। জাতীয় স্তোত্র 'বন্দে মাতরম্'-এর উল্লেখ করে অধ্যক্ষ বলেন, এটি শুধু মাত্র সঙ্গীত নয়, ভারত মাতার বন্দনার মন্ত্র। এই মন্ত্র গোটা দেশকে একসূত্রে আবদ্ধ করে স্বাধীনতা আন্দোলনে লড়াই করার শক্তি জুগিয়েছিল। ওম বিড়লা, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে মহান দেশপ্রেমিক, জাতীয়তাবাদী চিন্তাবিদ এবং একজন কালজয়ী সাহিত্যিক হিসেবেও বর্ণনা করেন। তিনি বলেন, তাঁর 'আনন্দমঠ' উপন্যাসে, মাতৃভূমির প্রতি কর্তব্য ও আত্মত্যাগের যে দৃষ্টান্ত তুলে ধরা হয়েছে, তা' চিরকাল মানুষের মনে ভাস্বর হয়ে থাকবে।

**************************************************************************

দক্ষিণবঙ্গের বহু জেলাতে আজ প্রবল ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বীরভূম পূর্ব ও পশ্চিম বর্ধমান বাঁকুড়া হুগলি হাওড়া ও উত্তর ২৪ পরগনা জেলায় কোথাও কোথাও ঝড়ের গতিবেগ ৬০ থেকে ৭০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। এইসব জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির কমলা সর্তকতা দেওয়া হয়েছে। উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় ভারী বৃষ্টি এবং দার্জিলিং জলপাইগুড়ি, মালদা এবং উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে। এদিকে দু-তিন দিনের বৃষ্টিতে কমেছে তাপমাত্রা। আজ সকালে আলিপুরে

সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে তিন ডিগ্রি কম।

*****************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয়- 'দৈনন্দিন জীবনে আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তন'। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাসের সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার। আজ শুনবেন প্রথম পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*****************************************************************